লেখো। বাংলার উত্তর-আধুনিক সাহিত্য চিন্তায় নিজস্ব ঐতিহ্যের উপর যে বিশেষ গুরুত্ব দেওয়া হয়েছে সে সম্পর্কে আলোচনা করো।
২+১২=১৪

'গ'-গুচ্ছ

৫. মূল্যবোধের দু'টি বৈশিষ্ট্য উল্লেখ করো। বৌদ্ধিক মূল্যবোধের প্রয়োজনীয়তা ব্যাখ্যা করো। অধ্যাত্মচিন্তার স্বরূপ সংক্ষেপে আলোচনা করো। ২+৪+৮=১৪

৬. আধ্যাত্মিকতার দলিল হিসেবে রবীন্দ্রনাথের দু'টি গ্রন্থের নাম লেখো। রবীন্দ্রসাহিত্যে আধ্যাত্মিকতার স্বরূপ সংক্ষেপে আলোচনা করো।
২+১২=১৪

'ঘ'-গুচ্ছ

৭. 'স্টকহোম ঘোষণাপত্র' কবে গৃহীত হয়? এতে ক'টি নীতিমালা বর্ণনা করা হয়েছে? 'আরণ্যক' উপন্যাস অবলম্বনে বিভূতিভূষণ বন্দ্যোপাধ্যায়ের পরিবেশ সচেতনতার স্বরূপ উদ্‌ঘাটন করো। ১+১+১২=১৪

৮. ভারতে 'ইকোক্রিটিসিজম' আলোচনার সূত্রপাত প্রথম কবে, কে করেন? ঔপন্যাসিক কিন্নর রায় তাঁর 'প্রকৃতিপাঠ' উপন্যাসের মাধ্যমে পরিবেশ সচেতনতা বৃদ্ধিতে যে গুরুত্ব আরোপ করেছেন তা আলোচনা করো।
২+১২=১৪

'ঙ'-গুচ্ছ

৯. 'স্ত্রীলিঙ্গ নির্মাণ' বইটি কার লেখা? আশাপূর্ণা দেবীর 'ট্রিলজি'র মধ্যে যে কোনো একটির নাম লেখো। লিঙ্গসাম্যের স্বরূপ নির্ধারণ করে দৃষ্টান্ত সহকারে এ বিষয়ে একটি সংক্ষিপ্ত প্রতিবেদন প্রস্তুত করো।
১+১+১২=১৪

১০. লিঙ্গবৈষম্যের স্বরূপ নির্ধারণ করো। বাংলা সাহিত্যের লৈঙ্গিক বৈষম্যের যে পরিচয় রয়েছে তার সংক্ষিপ্ত পরিচয় দাও। ৪+১০=১৪

*****

PG (Even) Semester Examination, September, 2023

BENGALI

(2nd Semester)

Course No.: BNGVBC-556

(সাহিত্য ও মানবিক মূল্যবোধ)

Full Marks: 70
Pass Marks: 28

Time: 3 hours

পার্শ্বস্থ সংখ্যা পূর্ণমান নির্দেশক

প্রতিটি গুচ্ছ থেকে একটি প্রশ্ন নিয়ে মোট পাঁচটি প্রশ্নের উত্তর দাও।

'ক'-গুচ্ছ

১. বৈদিক যুগে 'কৃষ্টি' শব্দের অর্থ কী ছিল? 'জেনারেল কালচারাল হিস্ট্রি অব ম্যানকাইন্ড' গ্রন্থে সংস্কৃতির বিবর্তনকে কোন্ তিনটি ধাপে বিন্যস্ত করা হয়েছে? সংস্কৃতির বৈশিষ্ট্যগুলো আলোচনা করো।
১+৩+১০=১৪

২. সংস্কৃতির আন্তপ্রান্তিকতা বলতে কী বোঝ? ভারতীয় সংস্কৃতিতে আর্য ও অনার্য সংস্কৃতির সমন্বয়ের স্বরূপ আলোচনা করো। ২+১২=১৪

'খ'-গুচ্ছ

৩. পুরাণ ও মিথ বলতে কী বোঝ? নজরুলের কবিতায় পুরাণ এর ব্যবহার নিয়ে আলোচনা করো। ৪+১০=১৪

৪. বাংলার উত্তর-আধুনিক সাহিত্য চিন্তার দু'জন সাহিত্য তাত্ত্বিকের নাম